

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.১৫৯

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব রাজেশ কর্মকার, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া গত ০৩.০৪.২০১৯ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এছাড়া তিনি নিয়মিত সমিতিতে না গিয়ে প্রকল্পের কাজে চরম শৈথিল্যতা প্রদর্শন করছেন। এ বিষয়ে তাকে বারবার বলা সত্ত্বেও তিনি প্রকল্পের কাজে মনোযোগী হননি। এ ছাড়া অভ্যন্তরীণ অডিটের জন্য তার দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নের সমিতির পাশ বইসমূহ অফিসে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলেও তিনি তা প্রতিপালন করেননি। প্রকল্পের কাজে তার চরম অনীহার কারণে প্রকল্পের সার্বিক কার্যক্রম চরমভাবে বিঘ্নিত হচ্ছে মর্মে জেলা সমন্বয়কারী, ব্রাহ্মণবাড়িয়া এবং উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া পৃথকভাবে প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, ধৃষ্টতা, শৃঙ্খলা পরিপন্থী এবং অদক্ষতার শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।

৩. এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



৩০-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব রাজেশ কর্মকার, মাঠসহকারী
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.১৫৯/১

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।



৩০-৪-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক